# ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| তারিখ | ঃ | ০৬ মে, ২০১৫ |
| সময় | ঃ | সকাল ১১-০০ টা |
| স্থান | ঃ | সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। |
| সভাপতি | ঃ | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি<br>প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস। |

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানানো হয় এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ঃ-

**আলোচ্যসূচী-১ঃ** ০৯ এপ্রিল, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** গত ০৯ এপ্রিল, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী পর্যালোচনান্তে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে ধীরগতির জন্য অসন্তোষ প্রকাশ করে শাখা প্রধানগণের নিকট হতে ব্যাখ্যা গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে নির্দেশনা প্রদান করেন। এছাড়া তিনি ০৯ এপ্রিল, ২০১৫ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার নিম্নবর্ণিত বিষয়াদি জরুরী ভিত্তিতে সম্পন্ন করার তাগিদ প্রদান করেনঃ-

(ক) আলোচ্যসূচী-২ এর গৃহীত সিদ্ধান্ত।
(খ) আলোচ্যসূচী-৬ এর গৃহীত সিদ্ধান্ত।
(গ) আলোচ্যসূচী-৪১ এর গৃহীত সিদ্ধান্ত।

অন্যান্য সিদ্ধান্তসমূহ সম্মানিত সদস্য ক্যাপ্টেন মীর এরশাদ আলী (জি), পিএসসি, বিএন, অধিনায়ক, বিএনএস হাজী মহসিন দৃঢ়ীকরণের প্রস্তাব করেন এবং সম্মানিত সদস্য জনাব হেলাল উদ্দিন আহমেদ তা সমর্থন করলে বিগত সভার কার্যবিবরণী পর্যালোচনান্তে নিশ্চিতকরণ করা হলো।

**আলোচ্যসূচী-২ঃ** মার্চ ২০১৫ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** মার্চ, ২০১৫ মাসে গৃহকর বাবদ ১০,৮৭,২৫১.০০ টাকা এবং দোকান ভাড়া বাবদ ১২,৬২,৫৬৯.০০ টাকা আদায় হয়েছে। মার্চ, ২০১৫ পর্যন্ত এ বছরের ক্রমপুঞ্জীভুত আদায় ৭,৪৬,৯২,১০৩.০০ টাকা যা মোট দাবীর ৮৭.১৭%। রাজস্ব আদায়ের বিষয়ে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।

**আলোচ্যসূচী-৩ঃ** মার্চ, ২০১৫ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মার্চ, ২০১৫ মাসে স্থানীয় আয়ের উৎস হতে বোর্ডের মোট ১,৭৯,১০,৭১৬.৪৩ টাকা আয় হয়েছে। অনৈমিত্তিক আয় ও প্রারম্ভিক জেরসহ সর্বমোট আয় ৩,৪১,৫৩,০৫৬.৪৪ টাকা। মার্চ, ২০১৫ মাসে সর্বমোট ব্যয় ২,৫৪,৫০,৯৩৩.০০ টাকা। আগামী সভা হতে নিয়মিতভাবে খাত ভিত্তিক আয় এবং বর্তমান স্থিতি উপস্থাপন করতে হবে।

**আলোচ্যসূচী-৪ঃ** এপ্রিল, ২০১৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** এপ্রিল, ২০১৫ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

**আলোচ্যসূচী-৫ঃ** এপ্রিল, ২০১৫ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জন্ম নিবন্ধন প্রতিবেদন।

**গৃহীত সিদ্ধান্ত ঃ** এপ্রিল, ২০১৫ মাসে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে জন্ম নিবন্ধন প্রতিবেদন করা হলো।

**আলোচ্যসূচী-৬ঃ** ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি ঃ-

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ | ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| (১) | বাড়ী#১৫/সি রোড#০২, ফ্ল্যাট#২/এ (২য় তলা) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | ১। মুহাম্মদ ফারুক খান<br>২। কানতারা খালেদা খান<br>৩। কারীনা খালেদা খান<br>বাড়ী#১৫/সি রোড#০২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।<br>তাং-০৬/১০/২০১৩ | জনাব মোঃ জাহাঙ্গীর মিয়া<br>পিতা-মৃত আলহাজ্ব আব্দুল করিম মিয়া<br>চন্দ্রশীল সুবাস্তু টাওয়ার (৪র্থ তলা), বাড়ী#৬৯/১, পান্থপথ, গ্রীণরোড, ঢাকা-১২০৫। | ২৪ ডিসেম্বর, ২০১৪ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০ ২৯.০৪.২৪.১২.১৪ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন- ৩৪২৫ বঃ ফুঃ (নিচতলায় ২টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য স্বাভাবিক সুবিধাদিসহ)<br>বার্ষিক গৃহকর- ২২,৫০০/-টাকা জুন, ২০১৫ পর্যন্ত পরিশোধিত<br>অননুমোদিত নির্মাণ নেই ।<br>বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| (২) | বাড়ী#১৫/সি রোড#০২, ফ্ল্যাট#৪/এ (৪র্থ তলা) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন, ব্যবস্থাপনা পরিচালক, মোমেন রিয়েল এষ্টেটস্ লিমিটেড, বাড়ী#১৫১, লেন#৪, ইষ্টার্ণ রোড, মহাখালী ডিওএইচএস, ঢাকা-১২০৬, জনাব মুহাম্মদ ফারুক খান গং এর নিযুক্তীয় আম-মোক্তার। তাং-১২/০৫/২০১৪ | জনাব মোঃ জাহিদ মিয়া পিতা-মৃত আলহাজ্ব আব্দুল করিম মিয়া চন্দ্রশীল সুবাস্তু টাওয়ার (৪র্থ তলা), বাড়ী#৬৯/১, পান্থপথ, গ্রীণরোড, ঢাকা-১২০৫। | ২৪ ডিসেম্বর, ২০১৪ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০ ২৯.০৪.২৪.১২.১৪/১ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন- ৩৪২৫ বঃ ফুঃ (নিচতলায় ২টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য স্বাভাবিক সুবিধাদিসহ), বার্ষিক গৃহকর- ২২,৫০০/-টাকা জুন, ২০১৫ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| (৩) | বাড়ী#১৫/সি রোড#০২, ফ্ল্যাট#৫/বি (৫ম তলা) ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন, ব্যবস্থাপনা পরিচালক, মোমেন রিয়েল এষ্টেটস্ লিমিটেড, বাড়ী#১৫১, লেন#৪, ইষ্টার্ণ রোড, মহাখালী ডিওএইচএস, ঢাকা-১২০৬, জনাব মুহাম্মদ ফারুক খান গং এর নিযুক্তীয় আম-মোক্তার। তাং-১৩/১০/২০১৩ | জনাব মোঃ ওয়াহিদ মিয়া পিতা-মৃত আলহাজ্ব আব্দুল করিম মিয়া চন্দ্রশীল সুবাস্তু টাওয়ার (৪র্থ তলা), বাড়ী#৬৯/১, পান্থপথ, গ্রীণরোড, ঢাকা-১২০৫। | ২৪ ডিসেম্বর, ২০১৪ তারিখের ২৩.০৫.৫০১.৩০০.১০.০ ২৯.০৪.২৪.০১.১৪/২ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন- ৩৪২৫ বঃ ফুঃ (নিচতলায় ২টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমি ও অন্যান্য স্বাভাবিক সুবিধাদিসহ) বার্ষিক গৃহকর- ২২,৫০০/-টাকা জুন, ২০১৫ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে প্রস্তাবিত ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তর অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৭ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট নামজারী ঃ-

| ক্র/নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা | গ্রহীতা/ক্রেতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র/ রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে | বিক্রয়/ হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্লট#২৩, রোড#৪, ফ্ল্যাট# ০৯, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | আলহাজ্ব মোঃ ফুল মিয়া পিতা- মরহুম চাঁন মিয়া প্লট#২৩, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ সাইফুল ইসলাম পিতা- আবুল কাশে বিশ্বাস প্লট#২৩, রোড#৪, ফ্ল্যাট# ০৯, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৬/০৪/২০১৫ ইং। | ০৯ মে ২০০৬ তারিখের ১৩০০/১২০/ ৫৭/৫ নং পত্র। | ২৯/০৬/২০০৬ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/২৩/ ফ্ল্যাট নং-৯/৪ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন- ১৩৫০ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ৯,০০০/-টাকা জুন, ২০১৫ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |
| ২. | প্লট#৩০/এফ, রোড#৪, ফ্ল্যাট# ৩/১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | সামিট প্রোপার্টিজ কোম্পানী, ১৮ কাওরান বাজার, বাণিজ্যিক এলাকা, ঢাকা এর পক্ষে স্বত্বাধিকারী মুহাম্মদ আজিজ খান। | জনাব মোঃ সাইফুল ইসলাম পিতা- আবুল কাশে বিশ্বাস প্লট#২৩, রোড#৪, ফ্ল্যাট# ০৯, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তাং- ০৬/০৪/২০১৫ ইং। | ২৭ অক্টোবর ২০১০ তারিখের ১৩০০/১২০/ ৫৭/৫ নং পত্র। | ১৯ মে ২০১১ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/৩০/ ফ্ল্যাট নং- ৩/১/২১ নং পত্র। | ফ্ল্যাটের আয়তন- ২২৭৫ বঃ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/-টাকা জুন, ২০১৫ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই। |

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতাগণের অনুকূলে নামজারী করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য ওভারটাইম প্রদানের বিষয়ে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের পাম্প অপারেটর জনাব মোঃ নাজমুল ইসলাম এর ১৮ মার্চ, ২০১৫ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ক্যান্টনমেন্ট বোর্ডের পাম্পসমূহে কর্মরত পাম্প অপারেটরদের নির্ধারিত সময়ের অতিরিক্ত কাজের জন্য প্রচলিত বিধি-বিধান অনুসরণপূর্বক বাজেট বরাদ্দ সাপেক্ষে ওভারটাইম ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৯ঃ ঢাকা সেনানিবাসের ৫৭ বেঙ্গলের সামনে শহীদ সরণির পূর্ব পার্শ্বে নিচু জায়গা সমতল করার জন্য লেবার চার্জসহ ১২ ট্রাক ভিটি বালু সরবরাহের নিমিত্তে ১,১৭,০০০/- (এক লক্ষ সতের হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে উদ্যান শাখার নৈমিত্তিক খাত হতে ব্যয় সংকুলান সাপেক্ষে ঢাকা সেনানিবাসের ৫৭ বেঙ্গলের সামনে শহীদ সরণির পূর্ব পার্শ্বে নিচু জায়গা সমতল করার জন্য লেবার চার্জসহ ১২ ট্রাক (বড় ডাম্প ট্রাক) ভিটি বালু সরবরাহের নিমিত্তে ১,১৭,০০০/- (এক লক্ষ সতের হাজার) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-১০ঃ নৌবাহিনী কঞ্জারভেন্সী শাখায় কর্মরত নিম্নবর্ণিত কর্মচারীদের পোষাক প্রদানের জন্য ৬৭,০৫০/-টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, নৌ বাহিনী কঞ্জারভেন্সী শাখায় কর্মরত ২৩ জন কর্মচারীকে পোষাক, গামবুট ও রেইন কোট প্রদান করার জন্য প্রস্তাব করা হয়েছে। উক্ত কাজের জন্য নিম্নবর্ণিতভাবে ব্যয় হবেঃ-

| ক্রমিক নং | পদ | সংখ্যা | বিবরণ | প্রতি সেটের মূল্য | মোট |
|---|---|---|---|---|---|
| ১। | ড্রাইভার | ০১ | পোষাক | ১,৫০০.০০ | ১,৫০০.০০ |
| ২। | কঞ্জারভেন্সী সুপারভাইজার | ০১ | পোষাক | ১,৫০০.০০ | ১,৫০০.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৩। | পরিচ্ছন্নতা কর্মী | ২১ | পোষাক | ১,৫০০.০০ | ৩১,৫০০.০০ |
| ৪। | পরিচ্ছন্নতা কর্মী | ২১ | গামবুট | ৫৫০.০০ | ১১,৫৫০.০০ |
| ৫। | পরিচ্ছন্নতা কর্মী | ২১ | রেইন কোট | ১,০০০.০০ | ২১,০০০.০০ |
| | | | | সর্বমোট= | ৬৭,০৫০.০০ |

বিস্তারিত আলোচনান্তে নৌ বাহিনী কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় সংকুলান সাপেক্ষে উক্ত কাজের জন্য ৬৭,০৫০/- (সাতষট্টি হাজার পঞ্চাশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-১১ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মেজর এ কে এম আব্দুল মালেক (অবঃ) | ৩৪৮ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ২। | মেজর জেনাঃ এ কে এম আব্দুর রহমান, এনডিসি, পিএসসি | ৪৭৭ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৩। | লেঃ কর্ণেল মোঃ সহিদ সরওয়ার আলম (অবঃ) | ৮২৯ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৪। | কমান্ডার মোহাম্মদ বশির আহমেদ (ট্যাজ), পিএসসি (অবঃ) | ৯০২ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৫। | গ্রুপ ক্যাপ্টেন মোঃ আব্দুল গাফফার (অবঃ) | ৯১৯ | মিরপুর ডিওএইচএস | | সংশোধিত ০৭ তলা (আভ্যন্তরীন পরিবর্তন) |
| ৬। | কর্ণেল মোঃ আকতার কামাল, পিএসসি (অবঃ) | ১১৩৩ | মিরপুর ডিওএইচএস | | নতুন ০৭ তলা ভবন |
| ৭। | ডাঃ পারভীন হক চৌধুরী | ৩২১ | বারিধারা ডিওএইচএস | | সংশোধিত ০৬ তলা (৫ম তলার উপর ৬ষ্ঠ তলা) |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১, ২, ৩, ৪, ৫ ও ৬ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ৬টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন/সংশোধিত ভবন নির্মাণ/আভ্যন্তরীন পরিবর্তনের নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং-৭ এ বর্ণিত বারিধারা ডিওএইচএস এর ৩২১ নং প্লটে ভার্টিক্যাল এক্সটেনশনের নকশা এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং সাপেক্ষে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। এমআইএসটি কর্তৃক কারিগরী ভেটিং বাবদ যাবতীয় খরচ সংশ্লিষ্ট প্লট মালিককে বহন করতে হবে।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

আলোচ্যসূচী-১২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|
| ১। | ঢাকা সেনানিবাসের রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার, মইনুল রোড অফিসার্স কোয়ার্টার, আজিজপল্লী অফিসার্স কোয়ার্টার, মোস্তফা কামাল লেন, সেনাকেন্দ্রীয় মসজিদের উত্তর পার্শ্বে মোট ০৯টি মাঠে ০৯ সেট গোলপোস্টের নেট সরবরাহ ও স্থাপন | ৭২,০০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ২। | ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থানে ডাস্টবিনের পকেট কাটা ও সৈনিক ক্লাব, আদমজী স্কুল এন্ড কলেজ, আর্মি হেডকোয়ার্টারের সামনে মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং আজিজপল্লী অফিসার্স কোয়ার্টারের সামনে খেলনাসামগ্রী মেরামত ও রংকরণ কাজ। | ১,১২,৫০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ৩। | শহীদ মোস্তাফা কামাল লেন আবাসিক এলাকা সংলগ্ন শিশুপার্ক মেরামত ও রংকরণ কাজ। | ৫৯,২০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ৪। | সিগন্যাল গেইট সংলগ্ন গোল চক্করে ফেন্সিং ব্রিক সরবরাহ ও স্থাপন কাজ। | ১,০১,৭২০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ৫। | ঢাকা সেনানিবাসের মোস্তাফা কামাল লেন এবং সিগন্যাল গেইট হতে আইএসএসবি গেইট পর্যন্ত ৪০/৫০ রোড মার্কিংকরণ। | ৯৮,৪০০/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ৬। | ঢাকা সেনানিবাসের শহীদ সরণির ইলেকট্রিক পোলে ৭৩টি বিভিন্ন নির্দেশনামূলক প্রোপাইল পলি সাইনবোর্ড সরবরাহ ও স্থাপন কাজ। | ১২,৪১,০০০/- | বোর্ডের স্থানীয় আয়ের উৎস/অনুদান |

| | | | |
|---|---|---|---|
| ৭। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের অভিভাবক ছাউনী নির্মাণ। | প্রক্রিয়াধীন | |
| ৮। | হাইপ্রেসার সোডিয়াম লাইট মেরামত কাজে ব্যবহৃত এসকে ফোল্ডিং মেরামত কাজ। | ২৭,৭২৫/- | বিদ্যুৎ শাখার মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-৭ এ উল্লেখিত কাজের চূড়ান্ত মূল্যানুমান প্রস্তুত করে অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের ব্যয় সংশ্লিষ্ট বিদ্যালয় তহবিল, অনুদান ও বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সমন্বয় করা হবে। ক্রমিক নং- ৮ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | শহীদ সরণি ও স্বাধীনতা সরণিতে যানবাহন কর্তৃক ভাঙ্গা টাইলস্ অপসারণসহ পুনঃস্থাপন এবং উঠে যাওয়া সিমেন্ট পয়েন্টিং মেরামতকরণ কাজ। | ১,৬৫,৮০০/- | মেসার্স গাজী এন্ড ব্রাদার্স | ১,৭৩,৩৪৫/৬৪ | মেরামত ও রক্ষণাবেক্ষণ |
| ২। | ঢাকা সেনানিবাসের ক্যান্ট বাজার এলাকার ০৭ নং রোডের ৬৫/ডি এর সামনে শিশুপার্ক মাঠ ভরাট কাজসহ খেলনা সামগ্রী সরবরাহ ও স্থাপন। | ৫,০০,০০০/- | মেসার্স এ কে কনস্ট্রাকশন | ৫,২২,৫০০/- | ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিবিধ তহবিল |
| ৩। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিস ও ক্যান্ট হাউজের বাউন্ডারী ওয়ালের পশ্চিম পার্শ্বে ফেসিং ব্রিকস্ সরবরাহ ও স্থাপন কাজ। | ৬,৬৪,৩৪১/- | মেসার্স মনির এন্ড কোং | ৬,৯৪,২৩৬/৩৪ | বোর্ডের স্থানীয় আয় |
| ৪। | সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের নিচতলায় মিটিং রুমে টাইলস্ স্থাপন, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ক্যান্ট হাউজের ছাদের উপর বিটুমিনাস পেইন্টসহ ইলেকট্রিক কাজ। | ৩,২১,৮৪০/- | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কসপ | ৩,৩৭,২৮৮/- | বোর্ডের স্থানীয় আয় |
| ৫। | শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের ল্যাবে টাইলস্ স্থাপন এবং ০৫টি কম্পিউটার, ০১টি লেজার প্রিন্টার ও ০৫টি কম্পিউটার টেবিল ক্রয়করণ কাজ। | ৫,০২,৮৬০/- | মেসার্স মনির এন্ড কোং | ৫,২৬,৭৪৫/৩৬ | অনুদান |
| ৬। | ঢাকা সেনানিবাসে ১৩ এমপি নিয়ন্ত্রণাধীন এলাকায় ট্রাফিক নিয়ন্ত্রণের জন্য (এনামেল পেইন্ট, রশি, জিআই তার, থিনার, রোড মার্কিং পেইন্ট ইত্যাদি) মালামাল ক্রয়করণ কাজ। | ৭৭,০০০/- | মেসার্স আরএস এন্টারপ্রাইজ | ৮০,৪৬৫/- | জনসাধারনের উন্নয়নমূলক খাত |
| ৭। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের স্টেশনারী মালামাল সরবরাহকরণ। | - | ইসলাম ব্রাদার্স | ১,৯৮,৮০০/- | অনুমোদিত বাজেটের স্টেশনারী, স্টোর, রাজস্ব শাখার নৈমিত্তিক খাত এবং প্রকৌশল শাখার নৈমিত্তিক খাত |
| ৮। | ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বৈদ্যুতিক মালামাল সরবরাহকরণ। | - | মেসার্স জুয়েল এন্টারপ্রাইজ | ১,৬৬,৭০০/- | অনুমোদিত বাজেটের বৈদ্যুতিক খাত (ঙ-২-খ) |
| ৯। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য টোনার ও বিভিন্ন মালামাল সরবরাহকরণ। | - | এইচ,এন, কম্পিউটার এন্ড ষ্টেশনারী | ৮৬,৮৩০/- | হাসপাতালের নৈমিত্তিক খাত |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে ক্রমিক নং-৯ ব্যতীত উপরোল্লিখিত কাজের দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-১, ৬, ৭ ও ৮ এ উল্লেখিত প্রকল্পের কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলির ব্যয়ের অনুমোদনসহ চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক। ক্রমিক নং-৯ এ উল্লেখিত প্রকল্পটি হাসপাতালের পরবর্তী সভায় উপস্থাপন করা হোক।

আলোচ্যসূচী-১৪ঃ গত ০৯ এপ্রিল ২০১৫ তারিখের বোর্ডসভার আলোচ্যসূচী-৩২ এর সিদ্ধান্তের প্রেক্ষিতে মিরপুর ডিওএইচএস আবাসিক এলাকার জন্য অনুমোদিত ১১টি খেলনাসামগ্রীর মধ্যে ০৪টি শহীদ মোস্তাফা কামাল লাইনে ও ০৭টি নির্ঝর আবাসিক এলাকায় স্থাপন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মাননীয় প্রধানমন্ত্রীর আগমন উপলক্ষে নির্ঝর আবাসিক এলাকায় জরুরী ভিত্তিতে খেলনা সামগ্রী স্থাপনের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষ নির্দেশনা প্রদান করলে মিরপুর ডিওএইচএস এর জন্য অনুমোদকৃত খেলনা সামগ্রী নির্ঝর আবাসিক এলাকায় স্থাপন করা হয়। খেলনা সামগ্রী স্থাপনের উক্ত নির্দেশনাটি বোর্ডসভায় ঘটনোত্তর অনুমোদন করা হলো।

আলোচ্যসূচী-১৫ঃ ওয়াকিটকি সেট সকল সরঞ্জামাদীসহ এবং ট্রাফিক টর্চ (১.৫ ভোল্ট) ব্যাটারীসহ সরবরাহকরণ প্রসংগে আর্মি এমপি ইউনিট, ঢাকা সেনানিবাসের ২৩ এপ্রিল ২০১৫ তারিখের ২৩.০১.৯০১.৬৪৮.০৩.১৫৯.০১.২২.০৪.১৫ নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে চাহিদাকৃত ওয়াকিটকির স্পেসিফিকেশন ও মূল্যানুমান প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৬ঃ ডিওএইচএস বারিধারা, বনানী ও মিরপুর এলাকায় দ্রুত গতির ইন্টারনেটে WiMAX/LTE প্রযুক্তি BTS স্থাপনের জন্য সার্ভে করার অনুমতি প্রসঙ্গে বাংলালায়ন কমিউনিকেশন লিমিটেড এর ১৫ ডিসেম্বর ২০১৪ তারিখের পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে আপাতত: এ বিষয়ে অনুমতি না প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৭ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ভাঙ্গা অকেজো এবং পুরাতন ড্রেনসমূহ ভেঙ্গে মাষ্টার প্ল্যান অনুযায়ী আরসিসি স্ল্যাবসহ নতুন ড্রেন নির্মাণ কাজের জন্য গত ০২ এপ্রিল ২০১৫ তারিখে দরপত্র খোলা হয়। সকল দরদাতা ৫% নিম্নে একই দর দাখিল করায় ২৭/৪/২০১৫ তারিখে লটারী অনুষ্ঠানের আয়োজন করা হয়। লটারীতে ১ম, ২য় এবং ৩য় বিজয়ী নির্ধারণ করা হয়েছে। লটারীতে ১ম বিজয়ীর দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের ভাঙ্গা অকেজো এবং পুরাতন ড্রেনসমূহ ভেঙ্গে মাষ্টার প্ল্যান অনুযায়ী আরসিসি স্ল্যাবসহ নতুন ড্রেন নির্মাণ কাজের জন্য গত ০২ এপ্রিল ২০১৫ তারিখে দরপত্র খোলা হয়। সকল দরদাতা ৫% নিম্নে একই দর দাখিল করায় ২৭/৪/২০১৫ তারিখে লটারী অনুষ্ঠিত হয়। উক্ত লটারীতে ১ম বিজীয় মেসার্স মনির এন্ড কোং, ২য় বিজয়ী মেসার্স এভারেষ্ট হোমস্ লিঃ এবং ৩য় বিজয়ী মেসার্স চাঁন মিঞা ইঞ্জিনিয়ারিং ওয়ার্কস। বিস্তারিত আলোচনান্তে লটারীতে ১ম বিজয়ীর দর অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৮ঃ বিমান বাহিনী ঘাঁটি বাশার তেজগাঁওস্থ বিভিন্ন আবাসিক এলাকায় ১০টি ডাস্টবিন স্থাপনের বিষয়ে বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাস এর ১৭ জুলাই, ২০১৫ তারিখের ০০.০৩.২৬০০.১৬৩.৬৮.০০৭.১২.০৫১./৩৫ক নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে বিমান বাহিনী ঘাঁটি বাশার তেজগাঁওস্থ বিভিন্ন আবাসিক এলাকায় ১০টি ডাস্টবিন স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো। প্রকৌশল শাখা কর্তৃক নকশা প্রস্তুতপূর্বক কাজটি সম্পাদন করতে হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় বিএএফ কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে।

১৯ বিবিধ-১ ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত ঃ-

| ক্র/নং | প্লট মালিকের নাম | প্লট নম্বর | ঠিকানা | এমইও'র ছাড়পত্রের তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মিসেস সোনিয়া চৌধুরী<br>স্বামী- মাসুদ চৌধুরী | ৯ | আব্বাস গার্ডেন, মহাখালী | | নতুন ০৭ তলা ভবন (বেজমেন্টসহ) (খালি প্লট) |
| ২। | (১) জনাব মোঃ তাফাজ্জল হোসেন<br>(২) মোসাঃ ফেরদৌসী বেগম | সিবি-৭৭/৩ সিএস-১৩৫ (অংশ) | কচুক্ষেত পুরান বাজার মৌজা- লালাসরাই | | নতুন ০৬(ছয়) তলা ভবন |

গৃহীত সিদ্ধান্ত ঃ নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো ঃ-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এর ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-২ এ বর্ণিত কচুক্ষেত পুরান বাজার এলাকা ১টি প্লটে ০৬(ছয়) তলা নতুন ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হলো।

(খ) ক্রমিক নং-১ এ বর্ণিত প্লটটি সরেজমিন পরিদর্শনপূর্বক আগামী বোর্ডসভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হলো।

উল্লেখ্য যে, প্রযোজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

১৯ বিবিধ-২ ঃ রজনীগন্ধা টাওয়ার এর ৫ম তলার ল্যাব-২ আভ্যন্তরীন লে-আউট এবং ৫ম তলার ডাক্তার চেম্বার-১৫ ও ১৬ এর মধ্যকার দেয়ালে একটি দরজা স্থাপনের অনুমোদন প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা টাওয়ার এর ৫ম তলার ল্যাব-২ এর আভ্যন্তরীন পার্টিশন স্থাপন এবং ডাক্তার চেম্বার ১৫ ও ১৬ এর মাধ্যবর্তী দেয়ালে একটি দরজা স্থাপনের অনুমতি চেয়ে লে-আউট নকশাসহ আবেদন করা হয়েছে। উল্লেখ্য যে, ডাক্তার চেম্বার ১৫ ও ১৬ এর মালিক একই ব্যক্তি। বিস্তারিত আলোচনান্তে দাখিলকৃত লে-আউট অনুযায়ী পার্টিশন ও দরজা স্থাপনের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। শর্ত থাকে যে, পার্টিশন ও দরজা স্থাপনের যাবতীয় ব্যয় স্ব স্ব ল্যাব/ডাক্তার চেম্বার মালিককে বহন করতে হবে এবং এ জন্য যদি ভবন বা স্থাপনার কোন ক্ষতি হয় তার যাবতীয় দায়-দায়িত্ব সংশ্লিষ্টদের বহন করতে হবে।

১৯ বিবিধ-৩ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের নাম | মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|
| ১। | ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের নিচতলার রেভিনিউ শাখা, প্রশাসনিক শাখা ও পুরাতন ভবনের বারান্দায় টাইলস্ স্থাপনসহ সংস্কার মেরামত কাজ। | ১৯,১১,৩৩৮/- | বোর্ডের স্থানীয় আয়/অনুদান |
| ২। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পূর্ব পার্শ্বে মেইন রোড সংলগ্ন ফেসিং টাইলস্ সরবরাহ ও স্থাপন। | ৩,৩৪,১২৭/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ৩। | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোডের দক্ষিণ পার্শ্বে টিনের বেড়া সরবরাহ ও স্থাপন। | ৮৯,৮৭৩/- | জনসাধারণের উন্নয়নমূলক খাত |
| ৪। | সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের ২য় তলার ইলেক্ট্রিক এবং স্যানিটারী মালামাল সরবরাহ ও স্থাপন কাজ। | ২,৫৬,৯৭৪/- | হাসপাতালের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |

গৃহীত সিদ্ধান্ত ঃ ক্রমিক নং-৪ ব্যতীত অবশিষ্ট মূল্যানুমানসমূহ অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৪ এ উল্লেখিত প্রকল্পটি হাসপাতালের আগামী সভায় উপস্থাপন করা হোক।

১৯ বিবিধ-৪ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে ঃ-

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস ২০১২ মোতাবেক (টাকা) | Responsive Tenderer | উদ্ধৃত্ত দর (টাকা) | ব্যয়ের খাত |
|---|---|---|---|---|---|
| ১। | সেনাপল্লী হাই স্কুলের ক্লাস রুমের জন্য বৈদ্যুতিক মালামাল সরবরাহ ও স্থাপন এবং বিদ্যুৎ লাইনের লোড বৃদ্ধিকরণ। | ৬৫,১৯৩/- | মেসার্স জুঁই এন্টারপ্রাইজ | ৬৭,৮০০/- | বিদ্যালয় তহবিল |

গৃহীত সিদ্ধান্ত ঃ Tender Evaluaiton Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দর অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

১৯ বিবিধ-৫ ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কারের এসি ও অন্যান্য মেরামত কাজের জন্য বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়ের নিমিত্তে ৪৭,৪৫০/- (সাত চল্লিশ হাজার চারশত পঞ্চাশ) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে প্রশাসনিক শাখার নৈমিত্তিক খাত (ক-৫) হতে ব্যয় সংকুলান সাপেক্ষে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের অফিস কারের এসি ও অন্যান্য মেরামত কাজের জন্য বিভিন্ন যন্ত্রাংশ ক্রয়ের নিমিত্তে ৪৭,৪৫০/- (সাত চল্লিশ হাজার চারশত পঞ্চাশ) টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

১৯ বিবিধ-৬ ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের পুরাতন ভবনের দোতলায় বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার প্রস্তুতকরণের নিমিত্তে বিভিন্ন আসবাবপত্র ও প্রয়োজনীয় সামগ্রী ক্রয় বাবদ ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে চীফ মেডিক্যাল অফিসারের ০৪ মে, ২০১৫ তারিখের এসকেএমসিবিজিএইচ/বহি/০২/৮৫ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টি হাসপাতাল সংক্রান্ত পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

১৯ বিবিধ-৭ ঃ ঢাকা সেনানিবাসস্থ ১০ নং রোড হতে সিএমএইচ পর্যন্ত সৌন্দর্য বর্ধনের জন্য বিভিন্ন জাতের হাইব্রীড ফুলের চারা ক্রয়ের জন্য ১,৯৬,৯১০/-টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ফুলের চারা ক্রয় ও রোপণের জন্য নিম্নবর্ণিতভাবে মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১। | হাইব্রীড বাগান বিলাস | ৪৭টি | ৩১০০.০০ | ১৪৫৭০০.০০ |
| ২। | হাইব্রীড রঙ্গন | ১১টি | ৫০০.০০ | ৫৫০০.০০ |
| ৩। | হাইব্রীড ফাইকাস | ০৫টি | ৭০০.০০ | ৩৫০০.০০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪। | হাইব্রীড ঝাউ | ০২টি | ২৫০.০০ | ৫০০.০০ |
| ৫। | দৈনিক শ্রমিক | ৯৭ জন | ৪৩০.০০ | ৪১৭১০.০০ |
| | | | মোট = | ১,৯৬,৯১০.০০ |

উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

১৯ বিবিধ-৮ ঃ ঢাকা সেনানিবাসস্থ অফিসার্স মেস সি'র পাশে সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের চারা ক্রয়ের জন্য ৪৬,০০০/-টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনান্তে ৪০টি চেরি ফুলের চারা ক্রয় ও রোপণ এবং দৈনিক শ্রমিক নিয়োগ বাবদ নিম্নবর্ণিত মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১। | দৈনিক শ্রমিক | ৮০ জন | ৪৩০.০০ | ৩৪৪০০.০০ |
| ২। | চেরী ফুলের চারা | ৪০টি | ২৯০.০০ | ১১৬০০.০০ |
| | | | মোট = | ৪৬,০০০.০০ |

উক্ত কাজের যাবতীয় ব্যয় উদ্যান শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে। দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

১৯ বিবিধ-৯ ঃ ঢাকা সেনানিবাসস্থ শহীদ আজিজপল্লী এলাকার সৌন্দর্য বর্ধনের জন্য ভিটিমাটি, ভিটিবালু, ফুলের চারা ক্রয় এবং দৈনিক শ্রমিক নিয়োগের জন্য ১,৯৬,৯০০/-টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ বিষয়টির উপর আলোচনান্তে ঢাকা সেনানিবাসস্থ শহীদ আজিজপল্লী এলাকার সৌন্দর্য বর্ধনের জন্য ভিটিমাটি, ভিটিবালু, ফুলের চারা ক্রয় এবং দৈনিক শ্রমিক নিয়োগের জন্য নিম্নবর্ণিত মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো ঃ-

| ক্রমিক নং | বিবরণ | পরিমাণ | দর | মোট টাকা |
|---|---|---|---|---|
| ১। | ভিটিমাটি | ১২ ট্রাক | ৩৬০০.০০ | ৪৩২০০.০০ |
| ২। | বালু | ১৮ ট্রাক | ৩১০০.০০ | ৫৫৮০০.০০ |
| ৩। | মালফুজিয়া | ১৫০০টি | ২৮.০০ | ৪২০০.০০ |
| ৪। | দৈনিক শ্রমিক | ১৩০ জন | ৪৩০.০০ | ৫৫৯০০.০০ |
| | | | মোট = | ১,৫৯,১০০.০০ |

উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি কঞ্জারভেন্সী খাত হতে সংকুলান করতে হবে। বর্তমান অর্থ বছরে অর্থের সংকুলান না হলে পরবর্তী অর্থ বছরের বরাদ্দের সাথে সমন্বয় করার সিদ্ধান্ত গৃহীত হলো।

১৯ বিবিধ-১০ ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ৮/৫ নং দোকান সংলগ্ন ১৮৯ বর্গফুট খালি জায়গা অবৈধভাবে দখল প্রসংগে।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের পূর্ব পার্শ্বে ৮/৫ নং দোকানটিতে বর্তমানে হোটেল ব্যবসা পরিচালনা করা হচ্ছে। উক্ত দোকানের দক্ষিণ পার্শ্বে বাউন্ডারী ওয়াল ও দোকানের মধ্যবর্তী ১৮৯ বর্গফুট খালি জায়াগা দখল করে ব্যবহার করা হচ্ছিল। বিস্তারিত আলোচনান্তে অবিলম্বে উক্ত খালি জায়গা দখলমুক্ত করাসহ যতদিন যাবৎ ব্যবহার করা হচ্ছিল ততদিনের জন্য দোকানের ভাড়ার দ্বিগুণ হারে জরিমানা আদায়ের সিদ্ধান্ত গৃহীত হলো।

১৯ বিবিধ-১১ ঃ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের বারান্দার জানালায় থাই স্থাপনসহ এয়ারকন্ডিশনার স্থাপনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত ঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মাননীয় সেনাবাহিনী প্রধানের নির্দেশনা মোতাবেক সৌদি আরব থেকে কার্পেট এনে ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদে স্থাপন করা হয়। কিন্তু মসজিদের বহিরাংশের বারান্দা খোলা থাকায় বারান্দায় কার্পেট স্থাপন করা যায়নি। উক্ত কার্পেটগুলো বর্তমানে মসজিদে সংরক্ষিত আছে। বিস্তারিত আলোচনান্তে মসজিদের বাহিরাংশের বারান্দায় থাই জানালা স্থাপনসহ এয়ার কন্ডিশনার স্থাপনের মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সংযুক্ত ঃ পরিশিষ্ট-ক।

২১.০৫.২০১৫

( মোঃ রেজাউল ইসলাম )
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

০২/৫/২০১৫

(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

পরিশিষ্ট-'ক'

## সভায় উপস্থিত সদস্যবৃন্দ

(১) ক্যাপ্টেন মীর এরশাদ আলী (জি), পিএসসি, বিএন
অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। — উপস্থিত

(২) গ্রুপ ক্যাপ্টেন মোঃ মঞ্জুর কবীর ভূইয়া, এএফডব্লিউসি, পিএসসি
অধিনায়ক, বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। — উপস্থিত

(৩) লেঃ কর্ণেল মাহবুব
সহকারী সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
প্রতিনিধি, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। — উপস্থিত

(৪) মেজর মোঃ মুর্শেদুর রহমান ইসহাক
স্টেশন হেলথ অফিসার
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। — উপস্থিত

(৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক
বাসা#৪৪৯/২, রোড#৮ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। — অনুপস্থিত

(৬) জনাব হেলাল উদ্দিন আহ্‌মেদ
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। — উপস্থিত

(৭) জনাব মোঃ মাহবুব জামিল
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। — অনুপস্থিত